# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০০০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

## আরবী

وَعَنْ مُطَرِّفِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الشِّخِّيرِ عَنْ أَبِيهِ قَالَ: أَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ يُصَلِّي وَلِجَوْفِهِ أَزِيزٌ كَأَزِيزِ الْمِرْجَلِ يَعْنِي: يَبْكِي
وَفِي رِوَايَةٍ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي وَفِي صَدْرِهِ أَزِيزٌ كَأَزِيزِ الرَّحَا مِنَ الْبُكَاءِ. رَوَاهُ أَحْمَدُ وَرَوَى النَّسَائِيُّ الرِّوَايَةَ الْأُولَى وَأَبُو دَاوُدَ الثَّانِيَةَ

## বাংলা

১০০০-[২৩] মুত্বররিফ ইবনু ’আবদুল্লাহ ইবনু শিখখীর (রহঃ) নিজের পিতা থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম এমতাবস্থায় যে, তিনি সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেছিলেন এবং তাঁর ভিতর থেকে টগবগে আওয়াজ হচ্ছিল যেমন ডেগের ফুটন্ত পানির টগবগ আওয়াজ হয়। অর্থাৎ তিনি কান্নাকাটি করছিলেন।

আর এক বর্ণনায় আছে, তিনি বলেছেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সালাত আদায় করতে দেখছি। এমতাবস্থায় তাঁর সিনার মধ্যে চাক্কির আওয়াজের ন্যায় কান্নার আওয়াজ থাকত। (আহমাদ; নাসায়ী প্রথমাংশটুকু, আবূ দাঊদ দ্বিতীয়াংশটুকু বর্ণনা করেছেন)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৯০৪, নাসায়ী ১২১৪, সহীহ আত্ তারগীব ৫৪৪, আহমাদ ১৬৩১২, সহীহ ইবনু হিব্বান ৭৫৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম ত্বীবী বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, ক্রন্দন করলে সালাত (সালাত/নামায/নামাজ) ভঙ্গ হয় না।

বায়জূরী (রহঃ) শামায়িলের ভাষ্য গ্রন্থে বলেনঃ অত্র হাদীস থেকে এ সিদ্ধান্তে পৌঁছা যায় যে, যদি ক্রন্দন করলে মুখে এমন কোন উচ্চারণ না হয় যা কোন অর্থ বহন করে তাহলে তা সালাতের কোন ক্ষতি করবে না। আমি (মুবারকপূরী) বলছিঃ অত্র হাদীসের প্রকাশমান অর্থ এই যে, আল্লাহর ভয়ে ক্রন্দন সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট করে না, চাই তার মুখে কোন শব্দ উচ্চারণ হোক বা না হোক। ইমাম তিরমিযী, আবূ দাঊদ, নাসায়ী প্রমুখ মুহাদ্দিসগণ হাদীস থেকে এটাই বুঝেছেন তাদের গ্রন্থে এ হাদীসের ভিত্তিতে অধ্যায় রচনা করা দ্বারা তাই সাব্যস্ত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55559

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন